

💵 প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় সিয়াম (রোযা) রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

১২৮. রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের তারাবীহর সালাত কী ধরনের বৈশিষ্ট্যমণ্ডিত ছিল?

লম্বা ও অনেক আয়াত এবং দীর্ঘ সময় নিয়ে তিনি তারাবীহ পড়তেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর রাতের একাকী সকল সালাতই ছিল অতি দীর্ঘ। এমনকি কিয়াম, রুকু, সাজদা সবই ছিল খুব লম্বা ও ধীরস্থির। আসসায়িব ইবনে ইয়াযিদ (রা.) বলেছেন,

"ইমাম (কারী) সাহেব তারাবীহতে শত শত আয়াত পড়তেন। ফলে সুদীর্ঘ সময় দাঁড়ানোর কারণে আমরা লাঠির উপর ভর দিয়ে দাঁড়িয়ে থাকতাম।" (মুয়ান্তা- ১/১১৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=15213

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন